

এমওডিসি সেন্টার এন্ড রেকর্ডস
রাজেন্দ্রপুর সেনানিবাস
দুরালাপনী: সামরিক: ৯০৩-২৫২২

কার্তিক ১৪৩৩

২৩.০১.৯০৩.০০০.১১.২০৪.১১৩.১১.১১.২৬

নভেম্বর ২০২৬

নিয়োগ বিজ্ঞপ্তি

বরাত :

ক। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, প্রতিরক্ষা মন্ত্রণালয়, পত্র নম্বর-২৩.০০.০০০০.২৭০.১১.০০৭.২৬.৩৪৫ তারিখ ০৯ জুলাই ২০২৬।

১। বরাত পত্রের প্রেক্ষিতে মিনিস্ট্রি অব ডিফেন্স কনষ্ট্যাবিউলারী সেন্টার এন্ড রেকর্ডস, রাজেন্দ্রপুর সেনানিবাস কর্তৃক নিম্নলিখিত অসামরিক পদে লোক নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে নিম্নেবর্ণিত অভিজ্ঞতা সম্পন্ন যে কোন জেলার প্রকৃত বাংলাদেশী পুরুষ নাগরিকদের নিকট হতে অনলাইনে আবেদনপত্র আহবান করা যাচ্ছে :

পদের নাম	গ্রেড	সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	বয়স	বেতন স্কেল	নিয়োগ সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্য লগইন করুন
(ক)	(খ)	(গ)	(ঘ)	(ঙ)	(চ)	(ছ)
বাবুর্চি	২০ তম	০২ (দুই) জন	জেএসসি/জেডিসি পরীক্ষায় উত্তীর্ণ	১৫ ডিসেম্বর ২০২৬ তারিখে ১৮ হতে ৩২ বছর।	টাকাঃ ২০০০০-২১০০০-২২১০০-২৩২০০-২৪৪০০-২৫৬০০-২৬৯০০-২৮২০০-২৯৬০০-৩১১০০-৩২৬০০-৩৪৩০০-৩৬০০০-৩৭৮০০-৩৯৬০০-৪১৬০০-৪৩৭০০-৪৫৯০০-৪৮৪০০	https://modc.gov.bd

২। **আবেদনপত্র পূরণের যোগ্যতা :**

ক। আবেদনকারীর বয়স ১৫ ডিসেম্বর ২০২৬ তারিখে ১৮ বছর থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। শিক্ষাগত সনদপত্রের ভিত্তিতে বয়স নির্ধারণ করা হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

খ। কেবলমাত্র উপযুক্ত এবং ত্রুটিমুক্ত আবেদনকারীদেরকে লিখিত, ব্যবহারিক এবং মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে।

গ। পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

ঘ। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা, ভুয়া বা ভুল প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। পরীক্ষার সময় সকল প্রকার সনদের মূলকপি প্রদর্শন করতে হবে এবং সকল সনদপত্রের সত্যায়িত ছায়ালিপি দাখিল করতে হবে।

ঙ। সর্বশেষ সরকারি আদেশ মোতাবেক সকল প্রকার কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।

চ। জেলার স্থায়ী বাসিন্দা প্রমাণের সনদ হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি করপোরেশন কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে।

ছ। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকে তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

জ। কোন ধরনের তদবির কিংবা সুপারিশ, প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য করা হবে।

ঝ। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করতে পারবে।

ঞ। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

ট। বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের (স্থায়ী/অস্থায়ী) সংখ্যা কর্তৃপক্ষ হ্রাস/বৃদ্ধি করতে পারবে।

ঠ। সংশ্লিষ্ট পেশায় দক্ষ ও অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।

অনলাইনে আবেদনের নিয়মাবলী

প্রথম ধাপ

১। https://modcr.teletalk.com.bd/ এ লগইন করে আবেদন ফরম পূরণ করতে হবে।

২। আবেদনের সময় ১৮ নভেম্বর ২০২৬ তারিখ সকাল ১০:০০ টা হতে ৩০ নভেম্বর ২০২৬ তারিখ বিকাল ০৫:০০ টা পর্যন্ত।

৩। আবেদন ফরম পূরণের ৭২ ঘন্টার মধ্যে যেকোন টেলিটক প্রিপেইড মোবাইল হতে ২০০ টাকা পরীক্ষার ফি বাবদ (অফেরৎযোগ্য) প্রাপ্ত User ID'তে জমা করতে হবে।

bekarsfeed.com

৪। Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

৫। Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

৬। প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

দ্বিতীয় ধাপ

৭। আবেদন ফরম পূরণ করার পর পর যোগ্য প্রার্থীগণ একটি USER ID পাবেন। উক্ত USER ID পাওয়ার পর ২০০ টাকা ব্যালেন্স সম্বলিত টেলিটক প্রিপেইড মোবাইল হতে এসএমএস করতে হবে :

প্রথম SMS: MODCR<space>User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।
Example: MODCR ABCDEF

Reply: Applicant's Name, Tk- (application fee 200/-) will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type MODCR<Space>Yes<Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: MODCR<space>Yes<space>PIN NUMBER লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।
Example: MODCR YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for MODCR Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

প্রবেশপত্র

৮। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://modcr.teletalk.com.bd/ ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

৯। SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি পরীক্ষায় অংশগ্রহণের সময়ে অবশ্যই প্রদর্শন করতে হবে।

হেল্প লাইন

১০। শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন :

i. User ID জানা থাকলে MODCR<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: MODCR Help User ABCDEF & send to 16222

ii. PIN Number জানা থাকলে: MODCR<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
Example: MODCR Help PIN 12345678 & send to 16222.

১১। Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd অথবা modcrw1978@gmail.com ই-মেইলে যোগাযোগ করা যাবে।

(Mail এর subject এ Organization Name: "MODCR", Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

সতর্কীকরণ

এমওডিসি'তে অর্থের বিনিময়ে ভর্তির কোন সুযোগ নেই। আর্থিক লেনদেনের মাধ্যমে অথবা প্রতারণার আশ্রয় নিয়ে এমওডিসি'তে ভর্তি হলে চাকরীর যে কোন পর্যায়ে বহিষ্কার করা হবে। ভর্তি সংক্রান্ত কোন সুপারিশ গ্রহণযোগ্য হবে না।

মোঃ মুহসীনুল আরেফীন রাজু
মেজর
ওআইসি রেকর্ডস